

💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়: বিদ'আত ও বিভক্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ৬. ৪. ২. আকীদা ও মূলনীতি

উপরের আলোচনা থেকে আমরা খারিজীগণের আকীদা বুঝতে পেরেছি। বস্তুত তারা সর্বদা ইসলাম সম্পর্কে নিজের বুঝ বা মতকেই একমাত্র সঠিক মত বলে মনে করত। এতে কিছু দিনের মধ্যেই তারা কয়েক ডজন উপদলে বিভক্ত হয়ে পড়ে। তবে সকল উপদল মোটামুটিভাবে নিম্নের বিষয়গুলিতে একমত ছিল:

- (১) কবীরা গোনাহে লিগু ব্যক্তি কাফির।
- (২) উসমান, আলী, উদ্রের যুদ্ধে অংশগ্রহণকারীগণ, মু'আবিয়া, সিক্ফীনের যুদ্ধের দুই সালিস আমর ইবনু আস, আবূ মূসা আশ'আরী (রাঃ) এবং তাদের দুজনের বা একজনের বিচারকে যে ব্যক্তি সঠিক বলে মনে করে তার সকলেই কাফির।
- (৩) জালিম বা পাপী রাষ্ট্রপ্রধানের বিরুদ্ধে বিদ্রোহ করা এবং জিহাদ করা ফরয, উপরন্তু জিহাদ আরকানে ইসলামের মতই ফর্য আইন এবং সবচেয়ে বড় ফর্য।

এছাড়া তাদের অনেক মতামত রয়েছে এবং এ সকল বিষয়ে তাদের মধ্যে অনেক মতভেদ ও বিভক্তি রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13804

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন